দৈনিক ইনকিলাব

FEB. 2 4 2000

তারিখ ... FEB. 23 2000
পৃষ্ঠা ... কলাম ...

# বই মেলা ঝিমিয়ে পড়েছে বাংলা একাডেমীর ডিজির প্রতি উকিল নোটিশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বাংলা একাডেমীর বই মেলায় ভাটার টান শুরু হয়েছে। একুশে ফেব্রুয়ারীর পর বই মেলা ঝিমিয়ে পড়েছে। এদিকে সংসদ সদস্য জয়নাল হাজারী তার স্বরচিত "বাঁধনের বিচার চাই" বইটি 'কেন বই মেলায় বিক্রি

৫-এর পাতায় দেখুন

## বইমেলা

প্রথম পৃষ্ঠার পর

করতে দেয়া হবে না' এ মর্মে গতকাল (বুধবার) বাংলা একাডেমীর মহাপরিচালকের (ডিজি) নিকট উকিল নোটিশ পাঠিয়েছেন।

গতকাল বই মেলায় দর্শক ক্রেতা সমাগম ছিল কম। মেলায় আগত দর্শকদের অধিকাংশকেই ঘুরে-ফিরে আড্ডা দিতে দেখা যায়। কয়েকটি স্টল ছাড়া অধিকাংশ স্টলই ছিল ফাঁকা। বেচাকেনাও তেমন হয়নি বললেই চলে। এদিকে জয়নাল হাজারী তার লেখা বইটি 'কেন বই মেলায় বিক্রি করতে দেয়া হবে না' এ মর্মে গতকাল বিকেলে বাংলা একাডেমীর মহাপরিচালক ডঃ সৈয়দ আনোয়ার হোসেনের নিকট উকিল নোটিশ পাঠিয়েছেন। উল্লেখ্য, মেলার নীতিমালার পরিপন্থী উল্লেখ করে বই মেলা কর্তৃপক্ষ জয়নাল হাজারীর বহুল আলোচিত বইটি মেলায় বিক্রির ব্যাপারে নিষেধাজ্ঞা আরোপ করে। তদুপরি বই মেলার বাইরে বইটি প্রচুর পরিমাণে বিক্রি হয়। গতকাল মেলার বাইরে এ বইটির একজন বিক্রেতা জানিয়েছেন, বইটির প্রায় অর্ধলক্ষাধিক কপি ছাপানো হয়েছিল। সব কপি বিক্রি হয়ে হাতে গোনা কয়েক কপি বাকী আছে।

71